দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...... ২০০৩
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪

# ঢাবির ৯৪ কোটি ৭৭ লাখ টাকার বাজেট পেশ ॥ ৭৭ শতাংশই শিক্ষক কর্মচারীর বেতন পেনশনে ব্যয় হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আগামী ২০০৩-০৪ অর্থবছরের জন্য ৯৪ কোটি ৭৭ লাখ টাকার বাজেট পেশ করা হয়েছে। এর মধ্যে ঘাটতি বাজেট হলো ৭ কোটি ৭৭ লাখ টাকা। সোমবার বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান এই বাজেট পেশ করেন।

২০০২-০৩ অর্থবছরের জন্য সংশোধিত বাজেটে ৯২ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সিনেট কক্ষে অনুষ্ঠিত সিনেট অধিবেশনে বাজেট ছাড়াও তিনজন সিন্ডিকেট সদস্য, একজন ফিন্যান্স কমিটির সদস্য এবং ট্রাইব্যুনাল গঠনের জন্য ছয়জনের একটি প্যানেল নির্বাচন করা হয়। এই অধিবেশনে উপাচার্য প্যানেল নির্বাচন হওয়ার কথা থাকলেও শেষ পর্যন্ত উপাচার্য প্যানেল ছাড়াই অধিবেশন অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজের সভাপতিত্বে অধিবেশন অনুষ্ঠিত হয়। আগামী অর্থবছরের জন্য ঘোষিত ৯৪ কোটি ৭৭ লাখ টাকার বাজেটের মধ্যে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও পেনশন খাতে সর্বোচ্চ ৬৮ কোটি ৭৭ লাখ ৮৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। অর্থাৎ মোট বাজেটের শতকরা ৭৭ দশমিক ৫৭ ভাগই শিক্ষক কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও পেনশন খাতে বরাদ্দ করা হয়েছে। বাকি বাজেটের মধ্যে শিক্ষা সহায়ক খাতে ১২ কোটি ১৫ লাখ ৫৪ হাজার এবং সাধারণ কার্যক্রম ও বিবিধ কাজের জন্য ১৩ কোটি ৮৩ লাখ ৬০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। ঘোষিত মোট বাজেটের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন দেবে ৭৯ কোটি ২৫ লাখ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের উৎস থেকে আয় দেখানো হয়েছে ৭ কোটি ৭৫ লাখ টাকা। বাকি ৭ কোটি ৭৭ লাখ ঘাটতি বাজেট।

সিনেট অধিবেশনে সভাপতির ভাষণে উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ ঢাকা বিশ্ববিদ্যালয়কে গৌরবের সর্বোচ্চ শিখরে অধিষ্ঠিত করতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।